

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

খাঁনজাহান আলী রোড শাখা, হাজী হানিফ কমপ্লেক্স, ১২ ও ১৩, খাঁনজাহান আলী রোড, খুলনা।

অর্থাঞ্চ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, খাঁন জাহান আলী রোড শাখা, খুলনা এর ঋণগ্রহীতা খাঁন মোঃ জাকির হোসেন (বর্তমানে মৃত), বাড়ী নং-১৭৯, রায়ের মহল মেইন রোড, রায়েরমহল, খালিশপুর, খুলনা এর নিকট অটোলোন বাবদ ০৯-০৯-২০১৫ ইং তারিখ পর্যন্ত সুদে আসলে ব্যাংকের পাওনা ১৪,৬৭,০৪৬/- (কথায়ঃ চৌদ্দ লক্ষ সাতষটি হাজার ছেচল্লিশ টাকা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন বর্ণিত গাড়ীখানা নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানা সহ পূর্ণাঙ্গ ঠিকানা উলেখ পূর্বক সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাইতেছে।

নিলামকৃত গাড়ীর বিবরণ

TOYOTA SALOON CAR, Chassis No- NZT240-0092304, Engine No- 1NZ-C295604, CC- 1496, Colour- Silver, Year of Manufacture- 2006, Registration No- DHAKA METRO GA-33-0424.

নিলামের শর্তাবলী

- (১) আগামী ২৮-০১-২০১৬ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, খাঁনজাহান আলী রোড শাখা, খুলনায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ টার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর এর ২০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ খাঁনজাহান আলী রোড শাখা, খুলনার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) সর্বোচ্চ দরদাতাকে তাহার দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে গাড়িটি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দাখিলকৃত দরপত্রে গাড়িটির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপরিপূর্ণ বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৫) দরপত্রের বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য এবং গাড়িটি দেখিবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৬) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

শাখা প্রধান,
ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ,
খাঁনজাহান আলী রোড শাখা, খুলনা।